

প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তির সহায়ক ডিভাইস
সহজীকরণ ও চতুর্থ শিল্প বিপ্লবের ফিচার সংযুক্তকরণে
করণীয়

অর্থায়নে

বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ

সমাজকল্যাণ মন্ত্রণালয়

২২৪/১ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০, বাংলাদেশ।



প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তির সহায়ক ডিভাইস
সহজীকরণ ও চতুর্থ শিল্প বিপ্লবের ফিচার সংযুক্তকরণে
করণীয়

প্রধান গবেষক

অধ্যাপক ডঃ খন্দকার আব্দুল্লাহ আল মামুন
প্রতিষ্ঠাতা ও পরিচালক, এইমস্ ল্যাব,
ইনস্টিটিউট অব রিসার্চ, ইনোভেশন ইনকিউভেশন এন্ড কমার্শিয়ালাইজেশন (আইরিক)
অধ্যাপক, কম্পিউটার বিজ্ঞান এবং প্রকৌশল বিভাগ
ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ঢাকা-১২১২, বাংলাদেশ।

সহ-গবেষকবৃন্দ

ডঃ আশরাফুল ইসলাম
সহকারী অধ্যাপক, কম্পিউটার বিজ্ঞান এবং প্রকৌশল বিভাগ
ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, ঢাকা- ১২২৯, বাংলাদেশ।

ডঃ মুহম্মদ মফিজুর রহমান (১৫০৮৪)

সহকারী অধ্যাপক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা- ১০০০, বাংলাদেশ।

ডঃ ফারহানা সরকার

সহ-প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক
সিমেড হেল্থ, ঢাকা- ১২০৬, বাংলাদেশ।

প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তির জন্য সহায়ক ডিভাইস সহজীকরণ ও চতুর্থ শিল্প
বিপ্লবের ফিচার সংযুক্তকরণে করণীয়

সূচিপত্র

গবেষণার সারাংশ	৫
অধ্যায় ১	৭
ভূমিকা	৭
১.১ সহায়ক ডিভাইস/যন্ত্র	৭
১.২ সহায়ক প্রযুক্তি	৯
১.৩ চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে সহায়ক ডিভাইস	১০
১.৪ বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তিদের অবস্থা	১২
১.৫ গবেষণা প্রাসঙ্গিকতা/যৌক্তিকতা	১৪
১.৬ গবেষণার উদ্দেশ্যসমূহ	১৫
অধ্যায় ২	১৬
গবেষণা পদ্ধতি	১৬
২.১ গবেষণা পরিকল্পনা	১৬
পরিমাণগত উপাত্ত সংগ্রহ	১৬
গুণগত উপাত্ত সংগ্রহ	১৬
২.২ গবেষণার সেটিং এবং অংশগ্রহণকারী	১৭
নমুনার আকার	১৯
২.৩ গবেষণার নৈতিকতা	২৩
২.৪ তথ্য সংগ্রহ	২৩
২.৫ তথ্য বিশ্লেষণ	২৭
অধ্যায় ৩	২৮
গবেষণার ফলাফল	২৮
৩.১ সংখ্যাগত বিশ্লেষণ	২৮

৩.১.১ জনতাত্ত্বিক ফলাফল	২৮
৩.১.২ শিক্ষাগত যোগ্যতা	৩২
৩.১.৩ আইসিটি এবং প্রযুক্তি ব্যবহারের অভিজ্ঞতা	৩৪
৩.১.৪ সহায়ক ডিভাইসের ব্যবহার	৪৫
৩.২ গুণগত বিশ্লেষণ	৪৭
৩.২.১ মূল তথ্যদাতার সাক্ষাৎকার	৪৭
৩.২.২ ফোকাস গ্রুপ আলোচনা	৪৯
অধ্যায় ৪	৫০
গবেষণার আলোচনা ও সীমাবদ্ধতা	৫০
৪.১ আলোচনা	৫০
৪.২ সীমাবদ্ধতা	৫৬
অধ্যায় ৫	৬০
সুপারিশমালা	৬০
৫.১ পলিসি/নীতির প্রভাব	৬০
৫.২ সচেতনতা এবং শিক্ষা	৬১
৫.৩ সহায়ক ডিভাইস	৬১
৫.৪ সহযোগিতা এবং জ্ঞান ভাগাভাগি করে নেওয়া	৬২
৫.৬ সহযোগিতা এবং উদ্ভাবন উৎসাহিত করা	৬৩
৫.৭ চতুর্থ শিল্প বিপ্লব প্রযুক্তি অন্তর্ভুক্ত করা	৬৪
৫.৮ দ্রুতগতির প্রাপ্যতা নিশ্চিত করুন	৬৪
৫.৯ প্রশিক্ষণ এবং সহায়তা প্রদান করা	৬৪
৫.১০ ভবিষ্যৎ গবেষণা	৬৫
তথ্যসূত্র	৬৬

গবেষণার সারাংশ

চতুর্থ শিল্প বিপ্লব (4IR) আমাদের দৈনন্দিন জীবনযাপনে বৈপ্লবিক পরিবর্তন নিয়ে এসেছে। এটি প্রযুক্তি অগ্রগতির এমন একটি অধ্যায় যা শারীরিক, জৈবিক এবং ডিজিটাল বিশ্বকে একীভূত করে তুলেছে। "চতুর্থ শিল্প বিপ্লব" শব্দটি, একটি নতুন বিশ্বের প্রতিনিধিত্ব করে প্রযুক্তিগতভাবে মানুষের মিথস্ক্রিয়া, যোগাযোগ এবং জীবনযাত্রার মানের উপর ব্যাপকভাবে প্রভাব বিস্তার করেছে। এই বিপ্লব মানুষের সাথে টেকনোলজির উন্নত যোগাযোগ প্রকাশ করে। বাংলাদেশ সরকার চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ গ্রহণ করেছে এবং 'প্রগতিশীল প্রযুক্তি, অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন' লক্ষ্যকে কেন্দ্র করে "ডিজিটাল বাংলাদেশ" থেকে "স্মার্ট বাংলাদেশ" হওয়ার জন্য কাজ করেছে। এটি সমস্ত বাংলাদেশীদের জীবনযাত্রার মানকে ব্যাপকভাবে উন্নত করার সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে; তবে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ইহা প্রতিবন্ধকতাও তৈরি করে, যারা প্রায়শই চতুর্থ শিল্প বিপ্লবে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় প্রযুক্তি ব্যবহার করতে লড়াই করে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, প্রতিবন্ধীতা হলো কয়েকটি বিষয়ের একটি সমন্বিত রূপ যেমন, শারীরিক গঠনে অক্ষমতা, কাজকর্মে এবং অংশগ্রহণে সীমাবদ্ধতা। একজন ব্যক্তির শারীরিক বা মানসিক সমস্যার কারণে (ক্ষণস্থায়ী কিংবা দীর্ঘস্থায়ী) তার বয়স, লিঙ্গ বা সামাজিকভাবে কোনো কাজকর্মে বা অংশগ্রহণে যে সীমাবদ্ধতার শিকার হয় এই সকল বিষয়ই একজন প্রতিবন্ধী ব্যক্তির অক্ষমতার অন্তর্ভুক্ত। প্রতিবন্ধী ব্যক্তিদের অক্ষমতার কারণে যে কাজগুলো পূর্বে তারা করতে পারতো না, এ্যাসিসটিভ টেকনোলজি (Assistive Technology)'র মাধ্যমে সেসকল অক্ষমতা দূর করা সম্ভব। যেমন, হুইলচেয়ার, ব্রেইল, হেয়ারিং এইড, প্রসথেসিস এসব কিছুই এ্যাসিসটিভ টেকনোলজি (Assistive Technology)'র অন্তর্ভুক্ত। শ্রবণ যন্ত্র, হুইলচেয়ার এবং শারীরিক কৃত্রিম অঙ্গ এর মতো সহায়ক ডিভাইসগুলি প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের জীবনযাত্রার মান উন্নতকরণে এবং চতুর্থ শিল্প বিপ্লবে অংশগ্রহণে সক্ষমতা অর্জন করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। চতুর্থ শিল্প বিপ্লবের বৈশিষ্ট্যগুলি যেমন কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবোটিক্স এবং অগমেন্টেড রিয়েলিটি সহায়ক ডিভাইসগুলির সাথে একীভূত করার ফলশ্রুতিতে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিবর্গ সহায়ক ডিভাইসগুলোতে সহজতর এক্সেসের সুবিধা পাবেন এবং উন্নত অভিজ্ঞতা অর্জন করতে পারবেন। উপরন্তু, সহায়ক ডিভাইসগুলি প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের মধ্যে ডিজিটাল সাক্ষরতা প্রচার করতে এবং তাদের ই-কমার্স, টেলিমেডিসিন এবং অনলাইন ব্যাঙ্কিংয়ের মতো ডিজিটাল পরিষেবাগুলিতে অ্যাক্সেস প্রদান করতে ব্যবহার করার ফলে তাদের আর্থ-সামাজিক উন্নয়ন বিকশিত হবে। এতে করে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের কর্মদক্ষতা বৃদ্ধির পাশাপাশি বৃহত্তর সামাজিক অন্তর্ভুক্তির মাধ্যমে তাদের সামগ্রিক জীবনযাত্রার মান উন্নত হবে যা বর্তমান বাংলাদেশ সরকারের "স্মার্ট বাংলাদেশ" গঠনের অতীষ্ট লক্ষ্য পৌঁছানোর কার্যক্রমকে ত্বরান্বিত করবে।

বাংলাদেশ সরকার "ডিজিটাল বাংলাদেশ" গড়ার শুরু থেকেই প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের জীবন-যাত্রার মান উন্নয়নে বন্ধপরিকর এবং এই লক্ষ্যে সহায়ক যন্ত্রের ব্যবহারকে প্রচার ও উন্নীত করার জন্য পদক্ষেপ নিয়েছে। এই প্রচেষ্টা সত্ত্বেও,

বাংলাদেশে সহায়ক ডিভাইসগুলিকে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের কাছে আরও বেশী সহজলভ্য এবং সহজে ব্যবহার করার জন্য অধিকতর অনুসন্ধান ও প্রচেষ্টার প্রয়োজন রয়েছে। এতে করে সহায়ক প্রযুক্তি কেন্দ্র এবং প্রশিক্ষণ কর্মসূচিতে আরও অ্যাক্সেস প্রদানের পাশাপাশি সহায়ক ডিভাইসের সুবিধার বিষয়ে সচেতনতা বৃদ্ধি কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। বাংলাদেশে প্রতিবন্ধী বৈশিষ্ট্যযুক্ত ব্যক্তিদের জন্য সহায়ক ডিভাইসের প্রচার ও ব্যবহার সহজতর করা নিশ্চিত করতে চতুর্থ শিল্প বিপ্লবের ফিচারগুলো সংযুক্ত করতে হবে যেমনটি উন্নত বিশ্বের দেশ হলে আরও অন্তর্ভুক্তিমূলক এবং ন্যায়সঙ্গত সমাজ হতে পারে।

এই গবেষণার উদ্দেশ্য হল বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নত করার লক্ষ্যে, তাঁদের ব্যবহৃত ডিভাইসগুলি বিবেচনা করা এবং চতুর্থ শিল্প বিপ্লবের বৈশিষ্ট্যগুলি ব্যবহার করার জন্য সম্ভাব্য পদক্ষেপগুলি চিহ্নিত করা। এছাড়া, এই গবেষণা কর্মটি বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়ক ডিভাইসগুলির প্রবেশযোগ্যতা নির্ণয় করা এবং ডিভাইসের সাথে তাঁদের খাপ খাইয়ে (adoption) নেওয়ার প্রবণতা চিহ্নিত করতে ব্যাপক ভূমিকা পালন করবে। সূক্ষ্মাতিসূক্ষ্ম ফলাফলের লক্ষ্যে, এই গবেষণা কর্মে মিশ্র-পদ্ধতি কৌশল (mixed-method technique) ব্যবহার করা হয়েছে। গবেষণায় সরকারী এবং বেসরকারী সংস্থার প্রতিনিধিসহ মূল স্টেকহোল্ডারদের সাক্ষাত্কার গ্রহণ করা হয়েছে। এছাড়া, সহায়তাকারী ডিভাইসগুলি অ্যাক্সেস করার বর্তমান বাধাগুলি চিহ্নিত করতে এবং উন্নতির জন্য সম্ভাব্য ক্ষেত্রগুলি চিহ্নিত করতে প্রতিবন্ধী ব্যক্তিদের, তাদের পরিবারের সদস্যদের এবং অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে মাঠপর্যায়ে সার্ভে এবং ফোকাস গ্রুপ আলোচনা (FGD) করা হয়েছে।

অধ্যায় ১

ভূমিকা

বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে, পৃথিবীর জনসংখ্যার ১৬% অর্থাৎ প্রায় ১.৩ বিলিয়ন মানুষ কোন না কোনভাবে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন। অন্য কথায়, প্রতি ৬ জন মানুষের মধ্যে ১ জন প্রতিবন্ধী পাওয়া যাবে [১]। ২০২০ সালের এক গবেষণায় একটি উদ্বেগজনক ভবিষ্যদ্বাণী করা হয়। সেখানে বলা হয়েছে ২০৫০ সালের মধ্যে পৃথিবীতে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তির সংখ্যা হবে ৯১.৪১ মিলিয়ন যা ২০২০ সালে ছিল ৪৩.০৭ মিলিয়ন [২]।

প্রতিবন্ধীদের প্রায়ই সহায়ক ডিভাইস ব্যবহার করতে হয়, যা তাদের ব্যক্তিগত, সামাজিক এবং পেশাগত জীবনের দৈনন্দিন কার্যকলাপকে সহজ করতে পারে। তাদের স্বাধীনভাবে চলার ক্ষমতা এবং সামাজিক কার্যক্রমে অংশগ্রহণে সহায়ক ডিভাইস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা এ বিষয়টি সমর্থন করে যে, সহায়ক ডিভাইসগুলি প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের কল্যাণসাধনে এবং তাদের সুস্থ, স্বাধীন, উৎপাদনশীল এবং মর্যাদাপূর্ণ জীবনযাপন করার সুবিধা দেয়। অধিকন্তু, এসব ডিভাইস তাদের শিক্ষা, শ্রমবাজার এবং সামাজিক মিথস্ক্রিয়ায় অংশগ্রহণ করার সুবিধা দেয় [৩]।

১.১ সহায়ক ডিভাইস/যন্ত্র

বিশ্ব স্বাস্থ্য সংস্থা প্রদত্ত সংজ্ঞা অনুসারে সহায়ক ডিভাইস হলো এমন একটি বাহ্যিক যন্ত্র যা একজন প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তির কার্যক্ষমতার উন্নতি ঘটায় এবং সামগ্রিক মঙ্গলসাধনের মাধ্যমে তাকে স্বাধীনভাবে চলার উপযোগী করে তোলে। এমন যন্ত্রের উদাহরণ হিসেবে বলা যায় - শ্রবণ যন্ত্র, হুইলচেয়ার, যোগাযোগ সহায়ক যন্ত্র, চশমা, নকল পা, পিল অর্গানাইজার এবং মেমরি সহায়ক ডিভাইস সীমাবদ্ধতার কারণে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের জন্য সহায়ক ডিভাইসগুলি পাওয়ার ক্ষেত্রে উল্লেখযোগ্য চ্যালেঞ্জ তৈরি হয়েছে [৪]। উপরন্তু, বিশ্বের জনসংখ্যার ২-৪ শতাংশ সহায়ক প্রযুক্তির ব্যবহার ছাড়া কাজ করার ক্ষেত্রে গুরুতর সমস্যার সম্মুখীন হয় [৫]। এই ডিভাইসগুলি প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের জন্য দৈনিক ত্রিযাকলাপ সুচারুরূপে চালানোর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এসব যন্ত্র প্রতিবন্ধী ব্যক্তিদের আত্ম-উন্নয়ন, ক্ষমতায়ন, কমিউনিটি

কাজে অংশগ্রহণের পাশাপাশি কেয়ারগিভারদের উপর তাদের নির্ভরশীলতা কমায়ে। এর ফলে শুধুমাত্র তাদের স্বাস্থ্যগত উন্নতি হচ্ছে তাই নয়, বরং তাদের পরিবারের সদস্যদের এবং কেয়ারগিভারদের জীবনযাত্রার মানও উন্নত হচ্ছে।

জাতিসংঘের প্রতিবন্ধী ব্যক্তিবর্গের অধিকার সনদে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহায়ক ডিভাইস একসেস করতে পারাকে মানবাধিকার হিসাবে স্বীকৃতি দেওয়া হয়েছে। কিন্তু অনেক প্রতিবন্ধী এখনও তাদের সহায়ক ডিভাইস অ্যাকসেসের অভাব বোধ করে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসেব মতে পৃথিবীতে এক বিলিয়নেরও বেশি প্রতিবন্ধী লোকের এক বা একাধিক সহায়ক ডিভাইসের প্রয়োজন। বর্তমানে তাদের প্রতি দশজনের মধ্যে মাত্র একজনের এই অ্যাকসেস সুবিধা রয়েছে, যা প্রয়োজনের তুলনায় খুবই [৪, ৬]। বিভিন্ন গবেষণায় এর কারণ অনুসন্ধান করে জানা যায়, সীমিত প্রাপ্যতা, প্রশিক্ষিত কর্মীদের অভাব, এবং আর্থিক সীমাবদ্ধতার কারণে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের জন্য সহায়ক ডিভাইসগুলি পাওয়ার ক্ষেত্রে উল্লেখযোগ্য চ্যালেঞ্জ তৈরি হয়েছে [৪, ৫]। উপরন্তু, বিশ্বের জনসংখ্যার ২-৪ শতাংশ সহায়ক প্রযুক্তির ব্যবহার ছাড়া কাজ করার ক্ষেত্রে গুরুতর সমস্যার সম্মুখীন হয় [৫]।

বিভিন্ন গবেষণায় দেখা যায়, প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের জন্য সহায়ক ডিভাইস, যেমন হুইলচেয়ার প্রদান করলে স্বাস্থ্যসেবা এবং দীর্ঘমেয়াদী দেখভালের খরচ কমাতে পারে [৩, ৭]। যাইহোক, সহায়ক ডিভাইসগুলির কার্যকারিতা বিভিন্ন বিষয়ের উপর নির্ভর করে, যার মধ্যে রয়েছে ডিভাইসের যথাযথ ফিটিং, ব্যবহারকারীর দক্ষতা, পরিবেশের উপযুক্ততা এবং স্থানীয়ভাবে ডিভাইসের প্রাপ্যতা। যদি এই বিষয়গুলির যথাযথ সমাধান করা না হয় তাহলে সহায়ক ডিভাইসগুলি অকার্যকর হিসেবে প্রমাণিত হতে পারে বা এমনকি কোন কোন ক্ষেত্রে ক্ষতির কারণ হতে পারে। উদাহরণস্বরূপ, একটি ভুলভাবে লাগানো হুইলচেয়ার প্রতিবন্ধীর জন্য নানান ধরনের জটিলতা সৃষ্টি করতে পারে, যেমন কাঁধে ব্যথা [৮]। একইভাবে, যদি পরিবেশগত দিক ব্যবহারবান্ধব না হয় তাহলে ব্যবহারকারী তাদের সহায়ক ডিভাইসের সার্বাধিক এবং সঠিক সুবিধা নিতে পারবে না [৯]। এ কারণে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তি এবং তাদের পরিবারের দৃষ্টিভঙ্গি বোঝা অপরিহার্য। তাদের বাস্তব অভিজ্ঞতাগুলি সহায়ক ডিভাইসের ফিটিং, সেটিং এবং উপযুক্ত পরিবেশ তৈরি সম্পর্কে মূল্যবান অন্তর্দৃষ্টি/ইনসাইট প্রদান করে।

১.২ সহায়ক প্রযুক্তি

সহায়ক প্রযুক্তি প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের সার্বিক মঙ্গল এবং চলার স্বাধীনতা প্রদানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যেন তারা শিক্ষা, সামাজিক এবং নাগরিক জীবনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে উৎপাদনশীল এবং মর্যাদাপূর্ণ জীবনযাপন

করতে পারে। এসব ডিভাইস স্বাস্থ্য সুরক্ষা এবং সহায়তা পরিষেবা, দীর্ঘমেয়াদী যত্ন এবং কেয়ারগিভারদের কাজের চাপ কমানোর ভূমিকা রাখে। সহায়ক প্রযুক্তির মধ্যে রয়েছে স্বল্প-দৃষ্টির ডিভাইস, হিয়ারিং ডিভাইস, যোগাযোগ সহায়ক, হাঁটার ফ্রেম, হুইলচেয়ার এবং কৃত্রিম পা [১, ৪, ৫]। এই প্রযুক্তিগুলি বিভিন্ন গোষ্ঠীকে উপকৃত করতে পারে, যেমন প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তি, বয়স্করা যাদের বয়স-সম্পর্কিত দুর্বলতা রয়েছে, যারা স্ট্রোক এবং ডায়াবেটিসের মতো অসংক্রামক রোগে আক্রান্ত এবং পুনর্বাসনের প্রয়োজন রয়েছে এমন ব্যক্তিদের। সমাজের বৃহৎ জনগোষ্ঠীকে স্বাধীনভাবে কাজ করতে এবং নির্ভরতা কমিয়ে চলাফেরা করাতে সহায়ক প্রযুক্তিগুলি আর্থ-সামাজিক নানা সুবিধা প্রদান করে। যেমন, স্বাস্থ্যসেবার ব্যয় হ্রাস করা, কর্মশক্তির উৎপাদনশীলতা বৃদ্ধি করা এবং অর্থনৈতিক প্রবৃদ্ধিকে উদ্দীপিত করা [৯, ১০, ১১, ১২]।

জাতিসংঘের প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের অধিকার সংক্রান্ত কনভেনশনে সহায়ক প্রযুক্তির তাৎপর্য সম্পর্কে গুরুত্ব আরোপ করা হয়েছে। সেখানে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের পুনর্বাসন এবং সহায়ক প্রযুক্তি পরিষেবা প্রদানসহ সমাজের মূলধারায় তাদের যথাযথ অংশগ্রহণের মাধ্যমে সমান অধিকার বাস্তবায়নের কথা বলা হয়েছে। বাংলাদেশসহ বেশ কয়েকটি দেশ, এ সনদকে অনুমোদন করেছে এবং সহায়ক প্রযুক্তি পরিষেবা অ্যাকসেস প্রদানের জন্য প্রতিশ্রুতি দিয়েছে। যাইহোক, গুরুত্ব থাকা সত্ত্বেও, সহায়ক প্রযুক্তির অ্যাকসেস করতে সীমাবদ্ধতা রয়ে গেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসেব মতে, বর্তমানে নিম্ন ও মধ্যম আয়ের দেশগুলিতে মাত্র ৫ থেকে ১৫% মানুষের সহায়ক ডিভাইস এবং প্রযুক্তি অ্যাকসেস করার সুবিধা রয়েছে। শ্রবণ যন্ত্রের উৎপাদন বিশ্বব্যাপী চাহিদার মাত্র ১০% পূরণ করে এবং এ সমস্ত দেশগুলিতে তাদের প্রয়োজনের মাত্র ৩% পূরণ করে। অর্থাৎ, বেশিরভাগ লোকেরই তাদের প্রয়োজনের তুলনায় সহায়ক ডিভাইস ব্যবহারের অ্যাকসেস নেই। আরেক গবেষণায় দেখা যায়, এসব দেশে ৭০ মিলিয়ন লোকের হুইলচেয়ারের প্রয়োজন হলেও খুব অল্প সংখ্যক মানুষ সেই সুবিধা পাচ্ছে [১৩, ১৪]।

প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তির প্রতিবন্ধীহীন ব্যক্তিদের তুলনায় স্বাস্থ্য, শিক্ষা এবং অর্থনৈতিক ক্ষেত্রে বিভিন্নভাবে বৈষম্যের সম্মুখীন হয় [১৫, ১৬]। বিশেষ করে নিম্ন এবং মধ্য আয়ের দেশগুলোতে এই অবস্থা ভয়াবহ আকার ধারণ করে যেখানে প্রতিবন্ধীদের সংখ্যা বেশি। সেখানে সাধারণ স্বাস্থ্যসেবা অ্যাকসেস করতেও বিদ্যমান বৈষম্যকে আরও বাড়িয়ে তোলে। যদিও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রায় সহায়ক প্রযুক্তি সম্পর্কে সরাসরি কিছু বলা হয়নি, তবুও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার ১৭টি লক্ষ্য অর্জন করতে এবং "কাউকে পিছিয়ে না রাখার" প্রতিশ্রুতি বাস্তবায়ন করতে সহায়ক প্রযুক্তি পরিষেবা প্রদান করা অপরিহার্য। যাইহোক, নিম্ন এবং মধ্য আয়ের দেশগুলিতে সহায়ক ডিভাইসগুলির অ্যাকসেস করতে না পারার বিভিন্ন কারণ রয়েছে। যেমন,

উচ্চ খরচ, সীমিত প্রাপ্যতা, সচেতনতার অভাব, প্রশিক্ষিত কর্মীদের অভাব, সরকারী উদ্যোগের অভাব, অপরিষাণ্ড অর্থায়ন, ইত্যাদি [১৭, ১৮]।

নেপাল, ভারত এবং বাংলাদেশের মতো নিম্ন আয়ের দেশগুলিতে সহায়ক প্রযুক্তি পরিষেবাগুলি অ্যাকসেস করা প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের জন্য অনেক চ্যালেঞ্জিং [১৪]। জাতিসংঘের প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের অধিকার সংক্রান্ত কনভেনশনের আদেশ সত্ত্বেও এই দেশগুলিতে সহায়ক প্রযুক্তি পরিষেবা প্রদান করে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের মানবাধিকার পরিস্থিতি উন্নয়নে নজর দেওয়া হয়নি। উপযুক্ত সহায়ক প্রযুক্তি নীতি গ্রহণ এবং তাদের বাস্তবায়ন সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া এবং সহায়ক প্রযুক্তি ব্যবহারের ব্যাপকতা প্রচার করা অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়িয়েছে। এজন্য এই পরিষেবাগুলি গ্রহণ করার জটিলতা কমিয়ে এবং সরকারের অগ্রাধিকার প্রকল্প হিসেবে নেওয়ার প্রয়োজনীয়তা তৈরি করতে হবে।

১.৩ চতুর্থ শিল্প বিপ্লবের প্রেক্ষাপটে সহায়ক ডিভাইস

সর্বপ্রথম Klaus Schwab (ক্লাউস শোয়াব) কর্তৃক বিশ্ব অর্থনৈতিক ফোরামে "চতুর্থ শিল্প বিপ্লব" শব্দটি প্রবর্তিত হয়েছিল। চতুর্থ শিল্প বিপ্লব একটি অপেক্ষাকৃত নতুন ধারণা যা সাম্প্রতিক বছরগুলিতে উল্লেখযোগ্য দৃষ্টি আকর্ষণ করেছে। চতুর্থ শিল্প বিপ্লব প্রযুক্তিগত অগ্রগতির মাধ্যমে মানব উন্নয়নের নতুন একটি যুগের প্রতিনিধিত্ব করে যা পূর্ববর্তী শিল্প বিপ্লবের তুলনায় ভিন্নতর। চতুর্থ শিল্প-বিপ্লব কাঠামোগত, গঠনগত এবং ডিজিটাল ক্ষেত্রগুলির সংমিশ্রণ দ্বারা চিহ্নিত করা হয়, যার ফলে মানুষের পারস্পরিক ত্রিভুজ-প্রতিক্রিয়া, যোগাযোগ এবং সামগ্রিক কল্যাণে গভীর পরিবর্তন ঘটে। এই বিপ্লবটি চেইন কার্যক্রমের সাথে সংযুক্ত পদ্ধতি, প্রক্রিয়া, মেশিন এবং ব্যক্তিদের মধ্যে উন্নত ডিজিটাল নেটওয়ার্কিংকে অন্তর্ভুক্ত করে। বাংলাদেশের সরকার চতুর্থ শিল্প-বিপ্লব-এর ধারণাকে গ্রহণ করেছে এবং বাংলাদেশকে বর্তমান অবস্থা "ডিজিটাল বাংলাদেশ" থেকে একটি "স্মার্ট বাংলাদেশ" রূপান্তরিত করার জন্য সক্রিয়ভাবে চেষ্টা করেছে। তাদের উদ্দেশ্যের কেন্দ্র হচ্ছে প্রগতিশীল প্রযুক্তি এবং অন্তর্ভুক্তিমূলক উন্নয়নকে ঘিরে। বাংলাদেশের সকল নাগরিকের জীবনযাত্রার গুণমানকে উল্লেখযোগ্যভাবে উন্নত করার জন্য এই প্রচেষ্টার অপার সম্ভাবনা রয়েছে। তাছাড়া, যারা প্রায়শই চতুর্থ শিল্প-বিপ্লব-এ সম্পূর্ণরূপে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় প্রযুক্তি অ্যাকসেস করার ক্ষেত্রে বাধার সম্মুখীন হয় সেসব প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের জন্য এটি অনন্য চ্যালেঞ্জ উপস্থাপন করে।

হিয়ারিং এইডস, হুইলচেয়ার এবং কৃত্রিম যন্ত্রের মতো সহায়ক ডিভাইসগুলি প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের জীবনযাত্রার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, চতুর্থ শিল্প বিপ্লবে তাদের সক্রিয় অংশগ্রহণকে সক্ষম করে। আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স, রোবোটিক্স এবং অগমেন্টেড রিয়েলিটির মতো চতুর্থ শিল্প-বিপ্লব বৈশিষ্ট্যগুলিকে একত্রিত করে সহায়ক ডিভাইসগুলি ব্যবহারকারীর অ্যাকসেস, অভিজ্ঞতা বাড়াতে এবং প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের জন্য সংশ্লিষ্ট খরচ কমাতে পারে। উপরন্তু, এই ডিভাইসগুলি কর্মসংস্থান বৃদ্ধি, সামাজিক অন্তর্ভুক্তিকে উন্নীতকরন এবং প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের সামগ্রিক কল্যাণকে উন্নত করতে পারে। এছাড়াও, সহায়ক ডিভাইসগুলি এই জনসংখ্যার মধ্যে ডিজিটাল লেখাপড়াকে উন্নীতকরনে সহায়তা করতে পারে, বিভিন্ন ডিজিটাল সেবা যেমন ই-কমার্স, টেলিমেডিকেল এবং অনলাইন ব্যাংকিং এ অ্যাকসেস সহজ করে। এই বিস্তৃত ডিজিটাল অ্যাকসেস তাদের আর্থ-সামাজিক পরিস্থিতির উল্লেখযোগ্যভাবে উন্নতি করতে পারে।

যদিও সহায়ক ডিভাইসগুলি কিছু সময়ের জন্য ব্যবহার করা হয়েছে, তবে চতুর্থ শিল্প-বিপ্লব বৈশিষ্ট্যগুলির সাথে ডিভাইসগুলির একীকরণ প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের জন্য ব্যবহারকারীর অ্যাকসেস, অভিজ্ঞতা এবং খরচ কমানোর ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতির সুযোগ দেখায়। আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স, রোবোটিক্স এবং অগমেন্টেড রিয়েলিটির অন্তর্ভুক্ত করলে সহায়ক ডিভাইসগুলির কার্যকারিতা এবং ব্যবহারকারীর সহজতা বৃদ্ধি পাবে। অধিকন্তু, এই ডিভাইসগুলি প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের জন্য কর্মসংস্থান বৃদ্ধি করতে পারে, তাদেরকে সামাজিক অন্তর্ভুক্তিকে উৎসাহিত করতে সক্ষম, সর্বোপরি তাদের সামগ্রিক জীবনযাত্রার মান উন্নত করতে পারে। এছাড়াও, সাহায্যকারী ডিভাইসগুলি এই জনসংখ্যার মধ্যে ডিজিটাল লেখাপড়া সহ বিভিন্ন ডিজিটাল প্রযুক্তিসমূহ ব্যবহারে উৎসাহিত করার জন্য একটি প্রভাবক হিসাবে কাজ করবে এবং তাদের বিভিন্ন ডিজিটাল পরিষেবাগুলিতে অ্যাকসেস প্রদান করতে পারে, যার ফলে তাদের আর্থ-সামাজিক অবস্থান উন্নত করা সম্ভব হবে।

১.৪ বাংলাদেশে প্রতিবন্ধী ব্যক্তিদের অবস্থা

বাংলাদেশ সরকারের নির্ধারিত প্রতিবন্ধী বিভাগ অনুযায়ী, ২০২১ সালে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত জাতীয় প্রতিবন্ধী পরিসংখ্যানের রিপোর্টে বলা হয়েছে বাংলাদেশের জনসংখ্যার প্রায় ২.৮০ শতাংশ মানুষের মধ্যে কমপক্ষে একটি অক্ষমতা রয়েছে। এছাড়া বাংলাদেশ সমাজসেবা বিভাগ (ডিএসএস) ২০১৩ সাল থেকে একটি প্রতিবন্ধী শনাক্তকরণ সমীক্ষা পরিচালনা করছে এবং ২০২১ সালের ফেব্রুয়ারী পর্যন্ত দৈনিক ডেইলি স্টার পত্রিকার রিপোর্ট অনুযায়ী সারা দেশে ২,১৪৩,৩৫৭ জন প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিকে শনাক্ত করেছে।

বাংলাদেশে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের প্রায়ই সমাজের কলঙ্ক বলা হয় এবং এটি একটি ট্যাগ হিসেবে বিবেচিত হয়। তাদেরকে সবসময় সামাজিকভাবে বঞ্চনার শিকার হতে হয় এবং অবহেলিত থাকে। কখনও কখনও প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদেরকে তাদের নিজেদের বা তাদের পরিবারের করা অতীতের কোনো পাপের জন্যে পারিবারিক অভিযাচন হিসাবে বিবেচনা করা হয়। এই সামাজিক মনোভাবের ফলে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদেরকে তাদের পরিবারের মধ্যে লুকিয়ে রাখা হয়, যার ফলে তারা সমাজের মূলশ্রোতধারা থেকে বাহিরে থেকে যায়। তাছাড়াও, জন্ম সনদে প্রতিবন্ধীদের নথিভুক্ত করা হয় না, যার ফলে আন্ডার-রিপোর্টিং হয়। এই আন্ডার-রিপোর্টিং দেশের আদমশুমারির তথ্যে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের ব্যাপকতার হার সুস্পষ্ট, যা বৈশ্বিক অনুমানের তুলনায় উল্লেখযোগ্যভাবে কম। আন্ডার-রিপোর্টিং এবং প্রতিবন্ধীদের আন্তর্জাতিক সংজ্ঞার সাথে অসামঞ্জস্যতা উভয় থেকেই অসঙ্গতিগুলি আবির্ভূত হয় [১৪]। বাংলাদেশে ২০১১ সালের আদমশুমারিতে প্রতিবন্ধীদেরকে একটি ভিন্ন সংজ্ঞায় সংজ্ঞায়িত করেছে, যা আন্তর্জাতিকভাবে অন্যান্য ডেটাসেটের সাথে তুলনা করার ক্ষেত্রে আরও বাধা সৃষ্টি করেছে। আরেকটি সমস্যা হল যে অক্ষমতার প্রতিবেদন প্রাথমিকভাবে কার্যকারিতা বিবেচনা করার পরিবর্তে প্রতিবন্ধকতার উপর ফোকাস করে। উপরন্তু, এই দেশগুলিতে নিয়মিত স্বাস্থ্য ডেটা সংগ্রহে প্রতিবন্ধী এবং সহায়ক প্রযুক্তি ব্যবহারকারীদের পরিসংখ্যান অন্তর্ভুক্ত করা হয় না। ফলস্বরূপ, দেশের সংবিধান, আইন এবং আইন দ্বারা নিশ্চিত হওয়া সত্ত্বেও প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের জন্য সহায়ক প্রযুক্তি এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবার বিধান নিশ্চিত করা চ্যালেঞ্জিং হয়ে ওঠে। বাংলাদেশে ১৯৯৫ সালে আইন প্রণয়নের মাধ্যমে প্রতিবন্ধীদের অন্তর্ভুক্তি শুরু হয় [১৯]।

বাংলাদেশ সরকার প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের অধিকার সংক্রান্ত বিভিন্ন আইন, বিধি এবং নীতিমালা প্রতিষ্ঠা করেছে। তাছাড়া বাংলাদেশ প্রতিবন্ধী জনগোষ্ঠীর অধিকার সংক্রান্ত জাতিসংঘ সনদ Convention on the Rights of Persons with Disabilities (UNCRPD)-এ ২০০৭ সালের ৯ মে স্বাক্ষর এবং ৩০ নভেম্বর অনুসমর্থন করে। বাংলাদেশ সরকার প্রতিবন্ধিতা বিষয়ক আন্তর্জাতিক দলিল UNCRPD এর আলোকে ২০০১ সালে প্রণীত প্রতিবন্ধী কল্যাণ আইন যুগোপযোগী করে প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এবং প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা বিধিমালা-২০১৫ প্রণয়ন করা হয়েছে। এই নীতিমালা এবং আইনগুলি প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদেরকে সক্ষম ব্যক্তিদের মতো একই মানের পরিষেবা অ্যাকসেস করার অধিকারের নিশ্চয়তা দেয়। এগুলির মধ্যে রয়েছে সহায়ক প্রযুক্তি পরিষেবাগুলিতে অ্যাকসেস, অক্ষমতা ভাতা, শিক্ষাগত ভাতা, এবং ভূত্বকিছু গণপরিবহন। প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার প্রতিষ্ঠায় সাংবিধানিক অঙ্গীকার বাস্তবায়ন এবং আন্তর্জাতিক প্রতিশ্রুতি পূরণে যে কোন কর্মসূচি গ্রহণ কিংবা রাষ্ট্রীয় সুবিধা প্রদান করতে হলে প্রয়োজন সঠিকভাবে শনাক্তকরণ ও প্রয়োজনীয় তথ্যসম্বলিত সয়ংসম্পূর্ণ তথ্যভান্ডার।

বাংলাদেশের অনেক প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তি এই নীতিমালা ও তাদের অধিকার সম্পর্কে সচেতন না। কিছু ক্ষেত্রে তারা এটাই বুঝতে পারে না যে সহায়ক প্রযুক্তির পরিষেবাগুলো ব্যবহারের ফলে তাদের জীবনে উল্লেখযোগ্যভাবে উন্নতি করতে পারে। নেপাল এবং ভারতের তুলনায়, বাংলাদেশে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের প্রতি বঞ্চনা আরও বেশি প্রকট এবং পিতামাতারা প্রায়ই তাদের পরিবারের সদস্যদের অক্ষমতা প্রকাশ করতে দ্বিধা করেন, এটি সহায়ক প্রযুক্তির পরিষেবাগুলিতে তাদের অ্যাকসেস কে আরও বাধা দেয়। দেশে সহায়ক প্রযুক্তি পরিষেবাগুলির মাত্র ১ শতাংশ সরকার দ্বারা সরবরাহ করা হয়, যার বেশিরভাগই এনজিও, কমিউনিটি সংস্থা এবং স্বেচ্ছাসেবী সংস্থাগুলির দ্বারা সরবরাহ করা হয় [২০, ২১]।

যদিও তিনটি দেশ—বাংলাদেশ, নেপাল এবং ভারত—বৈষম্যের প্রতি এবং প্রয়োজনীয় সহায়ক প্রযুক্তি-তে প্রবেশাধিকার নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ, কিন্তু বাস্তবতা সম্পূর্ণ ভিন্ন। সহায়ক প্রযুক্তির পরিষেবাগুলি প্রায়শই অপ্রাপ্য বা অ্যাক্সেসযোগ্য নয় এবং প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের তাদের অধিকার ও প্রাপ্য পরিষেবাগুলি সম্পর্কে সীমিত জ্ঞান থাকে। এটি সহায়ক প্রযুক্তির ব্যবস্থার উপর আরও পরীক্ষামূলক গবেষণার প্রয়োজনীয়তা তুলে ধরে, যাতে এই গবেষণাপত্রটি অবদান রাখবে।

পুনর্বাসন পরিষেবার অবস্থা এবং সহায়ক ডিভাইসগুলির ব্যবস্থা বোঝা বেশ বাংলাদেশের বেশ কয়েকটি গবেষণার লক্ষ্য রয়েছে। এই গবেষণাগুলি প্রকাশ করে যে, প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের সহায়ক ডিভাইসগুলির জন্য উল্লেখযোগ্য অপূর্ণ চাহিদা রয়েছে, যার মধ্যে প্রধানত বেসরকারি সেক্টরের মাধ্যমে সীমিত সমর্থন পাওয়া যায়। Borg and Östergren এর মতে, বাংলাদেশে সহায়ক ডিভাইসের প্রধান সরবরাহকারী হচ্ছে এনজিও। কমিউনিটি-ভিত্তিক পুনর্বাসন (সিবিআর) কর্মীরা সহায়ক ডিভাইস সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে [২১]। যদিও এই গবেষণায় বাংলাদেশে সহায়ক ডিভাইসের সরবরাহের ক্ষেত্রে পরিস্থিতি সম্পর্কে একটি সাধারণ পর্যালোচনা প্রদান করা হয়, সেখানে সহায়ক ডিভাইসগুলির অ্যাকসেস আছে এমন প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তির আসলে সেগুলি কতটা ব্যবহার করছেন সে সম্পর্কে খুবই কম জানা যায়।

বাংলাদেশে সহায়ক প্রযুক্তি, দারিদ্র্য এবং অধিকার (ATpar) সমীক্ষায় দেখা গেছে যে হিয়ারিং ডিভাইস বা হুইলচেয়ার ব্যবহার মানবাধিকারের উপভোগ এবং দক্ষতা বৃদ্ধির পূর্বাভাস দেয়, বিশেষ করে হিয়ারিং ডিভাইস ব্যবহারকারীদের মধ্যে। গবেষণায় আরও দেখা গেছে যে সহায়ক প্রযুক্তি ব্যবহারকারীর সম্পৃক্ততায় আরও ভাল ফলাফল পাওয়া গেছে।

১.৫ গবেষণা প্রাসঙ্গিকতা/যৌক্তিকতা

বাংলাদেশে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন মানুষের হার বেশি থাকা সত্ত্বেও প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে সহায়ক ডিভাইস ব্যবহারের বিষয়ে গবেষণা খুবই কম। বিভিন্ন গবেষণার মাধ্যমে সহায়ক ডিভাইস ব্যবহারের মাধ্যমে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের অসহায়ত্ব, অনগ্রসরতা, দারিদ্রতা, বেকারত্ব, সামাজিক বঞ্চনা ইত্যাদি সমস্যাগুলো থেকে মুক্তি দেয়া সম্ভব। এই গবেষণার প্রধান উদ্দেশ্য হল সহায়ক ডিভাইসগুলিকে সহজ করে এবং চতুর্থ শিল্প বিপ্লবের (4IR) বৈশিষ্ট্যগুলিকে একত্রিত করে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য অ্যাকসেস যোগ্যতা এবং সহায়ক ডিভাইসগুলি ব্যবহারে তাদের অন্তর্ভুক্তি বাড়ানো।

এই গবেষণার লক্ষ্য শুধুমাত্র বাংলাদেশের প্রতিবন্ধী জনগোষ্ঠীর মধ্যে সহায়ক ডিভাইসের বর্তমান ব্যবহার পরীক্ষা করা নয় বরং তারা বর্তমানে যে ডিভাইসগুলি ব্যবহার করে সেগুলোর সাথে তাদের ব্যক্তিগত উপলব্ধি এবং ব্যবহারকারীর অভিজ্ঞতাও অনুসন্ধান করে। এছাড়াও, গবেষণার উদ্দেশ্য হল প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের দ্বারা ব্যবহৃত বিদ্যমান সহায়ক ডিভাইস এবং আইসিটি ডিভাইসগুলিতে চতুর্থ শিল্প প্রযুক্তি (৪আইআর) অন্তর্ভুক্ত করার সম্ভাবনা কতটুকু তা মূল্যায়ন করা। যদিও পূর্ববর্তী গবেষণাগুলি জাতীয় পর্যায়ে পরিচালিত হয়নি, তবে এই গবেষণাটি ঢাকা এবং রংপুর জেলার একাধিক জায়গায় করা হয়েছে।

১.৬ গবেষণার উদ্দেশ্যসমূহ

এই গবেষণার বিশেষ উদ্দেশ্যসমূহের মধ্যে রয়েছে:

- প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের মধ্যে সহায়ক ডিভাইসগুলি ব্যবহারের ব্যাপকতা যাচাই করা।
- বর্তমানে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের ব্যবহৃত সহায়ক ডিভাইসগুলির সাথে ব্যবহারকারীর সন্তুষ্টি এবং ব্যবহারের অভিজ্ঞতা মূল্যায়ন করা।
- সহায়ক ডিভাইসগুলিতে চতুর্থ শিল্প বিপ্লবের বৈশিষ্ট্যগুলিকে অন্তর্ভুক্ত করার সম্ভাব্য প্রভাবগুলি যাচাই করা, অ্যাকসেস যোগ্যতা, ব্যবহারকারীর অভিজ্ঞতা বাড়ানো এবং প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের জন্য অ্যাকসেসের খরচ কমানোর উপর ফোকাস করা।

- সহায়ক ডিভাইসগুলি ব্যবহারের উপযুক্ততা সম্পর্কে প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তি এবং তাদের পরিবারের দৃষ্টিভঙ্গি পরীক্ষা করা।
- সহায়ক ডিভাইসসমূহের আর্থ-সামাজিক সুবিধা মূল্যায়ন করা।
- সহায়ক প্রযুক্তির সেবাগুলিতে আনুসঙ্গিক প্রতিবন্ধকতা মোকাবেলা করা।

অধ্যায় ২

গবেষণা পদ্ধতি

২.১ গবেষণা পরিকল্পনা

এই গবেষণায় একটি মিশ্র-পদ্ধতি নকশা নিযুক্ত করা হয়েছে, হাতে থাকা বিষয়টির একটি ব্যাপক বোঝার জন্য পরিমাণগত এবং গুণগত উভয় ডেটা সংগ্রহের পদ্ধতি অন্তর্ভুক্ত করে।

২.১.১ সংখ্যাগত উপাত্ত সংগ্রহ

প্রতিবন্ধী ব্যক্তি বা তাদের পরিচর্যাকারীদের মধ্যে পরিচালিত একটি সমীক্ষার মাধ্যমে প্রতিবন্ধীদের ব্যাপারে নির্দিষ্ট উপাত্ত সংগ্রহ করা হয়েছিল। সমীক্ষার লক্ষ্য ছিল অংশগ্রহণকারীদের সাথে সহায়ক ডিভাইসগুলির প্রথম অভিজ্ঞতা, সেগুলি ব্যবহার করার সময় তারা যেসব চ্যালেঞ্জগুলির মুখোমুখি হয়েছিল এবং ভবিষ্যতের ডিভাইসগুলিতে চতুর্থ শিল্প বিপ্লব বৈশিষ্ট্যগুলি অন্তর্ভুক্ত করার বিষয়ে তাদের পছন্দগুলির বিষয়ে উপযুক্ত উপাত্ত সংগ্রহ করা।

২.১.২ গুণগত উপাত্ত সংগ্রহ

গবেষণার উদ্দেশ্যগুলির সাথে প্রাসঙ্গিক বিভিন্ন অংশগ্রহণকারীদের সাথে পরিচালিত সাক্ষাৎকারের মাধ্যমে গুণগত উপাত্ত সংগ্রহ করা হয়েছিল। গুণগত গবেষণা পদ্ধতিটি সহায়ক ডিভাইসগুলির সাথে ব্যবহারকারীদের এবং পরিচর্যাকারীদের অভিজ্ঞতা এবং এই জাতীয় ডিভাইসগুলিতে চতুর্থ শিল্প বিপ্লব এর বৈশিষ্ট্যগুলিকে একত্রিত করার ফলে সম্ভাব্য প্রভাব সম্পর্কে তাদের দৃষ্টিভঙ্গিগুলি গভীরভাবে বোঝা সহজতর করে দেয়।

মূল তথ্যদাতার সাক্ষাৎকার (কী ইনফরম্যান্ট ইন্টারভিউ, KII) এবং ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) এর মাধ্যমে গুণগত উপাত্ত সংগ্রহ করা হয়েছিল।

মূল তথ্যদাতার সাক্ষাৎকার(কী ইনফরম্যান্ট ইন্টারভিউ, KII) পদ্ধতিতে পিতামাতা, পরিবারের সদস্যদের এবং অন্যান্য প্রাসঙ্গিক অংশগ্রহণকারীদের সাথে ব্যক্তিগত বা ভার্চুয়াল প্ল্যাটফর্ম এর মাধ্যমে স্বাভাবিক ও বিশ্বস্ততার সাথে একের পর এক সাক্ষাৎকার নেওয়া হয়েছিলো। সাক্ষাৎকারগুলি বিভিন্ন খোলামেলা প্রশ্ন দিয়ে করা হয়েছিল, যার মধ্যে অংশগ্রহণকারীদের অভিজ্ঞতা, দৃষ্টিভঙ্গি এবং প্রতিবন্ধীতার বিষয়ে চিন্তাভাবনা, সহায়ক ডিভাইস এবং চতুর্থ শিল্প বিপ্লব (4IR) বৈশিষ্ট্যগুলির একীকরণের বিষয়ে তাদের মতামত বলতে দেয়া হয়।

ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) পদ্ধতিতে একটি গ্রুপ সেটিংয়ে প্রতিবন্ধী ব্যক্তিদের পিতামাতা এবং পরিবারের সদস্যদের একত্রিত করে তাদের দৃষ্টিভঙ্গি ও মতামত নেওয়া হয়। এই পদ্ধতিটি একটি উন্মুক্ত এবং ইন্টারেক্টিভ কথোপকথনের ব্যবস্থা করে দেয়, অংশগ্রহণকারীদের অক্ষমতা সম্পর্কিত বিভিন্ন দিক সম্পর্কে তাদের অভিজ্ঞতা এবং দৃষ্টিভঙ্গি শেয়ার করতে উৎসাহিত করে। এফজিডি (FGD)বিভিন্ন গ্রুপকে একসাথ করে প্রতিবন্ধী ব্যক্তিদের পরিবারগুলির ধারণা, আবেগ এবং চ্যালেঞ্জগুলির যেগুলো তারা মোকাবেলা করে সেসব তথ্যের আদান-প্রদান সহজতর করে। এই আলোচনাগুলি একজন প্রশিক্ষিত মডারেটর দ্বারা পরিচালিত হয় যিনি বিভিন্ন বিষয়ে প্রশ্ন করেন এবং অংশগ্রহণকারীদেরকে তাদের চিন্তাভাবনা অবাধে প্রকাশ করতে উৎসাহিত করেন। এফজিডি (FGD) দরকারী গুণগত উপাত্ত সরবরাহ করে, গবেষক এবং অনুশীলনকারীদের প্রতিবন্ধী ব্যক্তিদের প্রয়োজন, উদ্বেগ, তাদের সহায়তা করার ক্ষেত্রে পিতামাতা এবং পরিবারের সদস্যদের পছন্দগুলি গভীরভাবে উপলব্ধি করার জন্যে সাহায্য করে।

২.২ গবেষণার সেটিং এবং অংশগ্রহণকারী

এই গবেষণায় প্রতিবন্ধী ব্যক্তিদের অংশগ্রহণকারী হিসাবে নির্বাচন করার জন্য একটি উদ্দেশ্যমূলক নমুনা পদ্ধতি ঠিক করা হয়েছিল। অংশগ্রহণকারীদের নির্বাচন প্রক্রিয়াটি প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ দ্বারা পরিচালিত হয়েছিল, যা বাংলাদেশে প্রতিবন্ধীদেরকে বারোটি বিভাগে ভাগ করে। প্রতিবন্ধী ব্যক্তিদের উপর জাতীয় সমীক্ষা (NSPD) ২০২১ এবং স্বাস্থ্য পরিষেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের দ্বারা "প্রতিবন্ধিতার সংজ্ঞা: মেডিকেল ডাক্তার এবং প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কর্মীর জন্য একটি নির্দেশিকা" রিপোর্ট থেকে প্রতিবন্ধিতার ১২টি বিভাগ থেকে দশটি বিভাগ এই গবেষণায় অন্তর্ভুক্ত ছিল। প্রতিবন্ধীদের নির্বাচিত বিভাগগুলি নিম্নরূপ :

১। অটিজম বা অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার

২। সেরিব্রাল পালসি

৩। শ্রবণ-দৃষ্টিপ্রতিবন্ধিতা

৪। ডাউন সিনড্রোম

৫। শ্রবণপ্রতিবন্ধিতা

৬। বুদ্ধিপ্রতিবন্ধিতা

৭। মানসিক অসুস্থতাজনিত প্রতিবন্ধিতা

৮। শারীরিক প্রতিবন্ধিতা

৯। বাকপ্রতিবন্ধিতা, এবং

১০। দৃষ্টিপ্রতিবন্ধিতা

এছাড়াও এই আইনে প্রতিবন্ধী ব্যক্তির ২০টি অধিকারের কথা বলা হয়েছে। এগুলো হচ্ছে, পূর্ণমাত্রায় বেঁচে থাকা ও বিকশিত হওয়া; সর্বক্ষেত্রে সমান আইনি স্বীকৃতি এবং বিচারগম্যতা; উত্তরাধিকারপ্রাপ্তি; স্বাধীন অভিব্যক্তি ও মত প্রকাশ এবং তথ্যপ্রাপ্তি; মাতা-পিতা, বৈধ বা আইনগত অভিভাবক, সন্তান বা পরিবারের সহিত সমাজে বসবাস, বৈবাহিক সম্পর্ক স্থাপন ও পরিবার গঠন; প্রবেশগম্যতা; সামাজিক, অর্থনৈতিক ও রাষ্ট্রীয় ইত্যাদি ক্ষেত্রে, প্রতিবন্ধিতার ধরন অনুযায়ী, পূর্ণ ও কার্যকরভাবে অংশগ্রহণ; শিক্ষার সকল স্তরে, শিক্ষা প্রতিষ্ঠানে উপযুক্ত সুযোগ সুবিধা প্রাপ্তি সাপেক্ষে, একীভূত বা সমন্বিত শিক্ষায় অংশগ্রহণ; সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে কর্মে নিযুক্তি; কর্মজীবনে প্রতিবন্ধিতার শিকার ব্যক্তি কর্মে নিয়োজিত থাকবার, অন্যথায়, যথাযথ পুনর্বাসন বা ক্ষতিপূরণপ্রাপ্তি; নিপীড়ন থেকে সুরক্ষা এবং নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশের সুবিধাপ্রাপ্তি; প্রাপ্যতা সাপেক্ষে, সর্বাধিক মানের স্বাস্থ্যসেবাপ্রাপ্তি; শিক্ষা ও কর্মক্ষেত্রসহ প্রয়োজ্য সকল ক্ষেত্রে ‘প্রয়োজনীয় স্বাচ্ছন্দ্যের জন্য উপযোগী পরিবেশ ও ন্যায্য সুযোগ-সুবিধাপ্রাপ্তি; শারীরিক, মানসিক ও কারিগরী সক্ষমতা অর্জন করে সমাজজীবনের সকল ক্ষেত্রে সম্পূর্ণভাবে একীভূত হওয়ার লক্ষ্যে সহায়কসেবা ও পুনর্বাসন সুবিধাপ্রাপ্তি; মাতা-পিতা বা পরিবারের উপর নির্ভরশীল প্রতিবন্ধী ব্যক্তি মাতা-পিতা বা পরিবার থেকে বিচ্ছিন্ন হলে বা তার আবাসন ও ভরণ-পোষণের যথাযথ সংস্থান না হলে, যথাসম্ভব, নিরাপদ আবাসন ও পুনর্বাসন; সংস্কৃতি, বিনোদন, পয়টন, অবকাশ ও ক্রীড়া কর্মকাণ্ডে অংশগ্রহণ; শ্রবণপ্রতিবন্ধী ব্যক্তি ও বাকপ্রতিবন্ধী ব্যক্তির নিজ ইচ্ছা অনুযায়ী, যথাসম্ভব, বাংলা ইশারা ভাষাকে প্রথম ভাষা হিসাবে গ্রহণ; ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা; স্ব-সহায়ক সংগঠন ও

কল্যাণমূলক সংঘ বা সমিতি গঠন ও পরিচালনা; জাতীয় পরিচয়পত্র প্রাপ্তি, ভোটার তালিকায় অন্তর্ভুক্তি, ভোট প্রদান এবং নির্বাচনে অংশগ্রহণ।

অন্তর্ভুক্তির মানদণ্ড নিম্নলিখিত বিষয়গুলোর উপর নির্ভর করে-

১। "প্রতিবন্ধিতার সংজ্ঞা: মেডিকেল ডাক্তার এবং প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কর্মীর জন্য একটি নির্দেশিকা" প্রতিবেদনে তালিকাভুক্ত এবং বর্ণিত প্রতিবন্ধী বা অক্ষমতা বৈশিষ্ট্যসম্পন্ন বাংলাদেশি ব্যক্তি।

২। উপরে উল্লিখিত বিভাগ থেকে প্রতিবন্ধী ব্যক্তি যাদের সহায়ক ডিভাইস ব্যবহারের প্রয়োজন ছিল বা বর্তমানে সহায়ক ডিভাইস ব্যবহার করছেন।

৩। প্রতিবন্ধী ব্যক্তি বা পরিচর্যাকারী যারা গবেষণায় অংশ নিতে ইচ্ছুক এবং স্বেচ্ছায় সম্মতি প্রদান করেছেন।

বর্জনের মানদণ্ড নিম্নলিখিত বিষয়গুলো নিয়ে গঠিত:

১। প্রতিবন্ধী ব্যক্তি বা পরিচর্যাকারী যারা গবেষণায় অংশগ্রহণ করতে অস্বীকার করেছেন।

২। প্রতিবন্ধী ব্যক্তি যারা বাংলাদেশী নাগরিক ছিলেন না।

৩। একজন পরিচর্যাকারীর অনুপস্থিতিতে, যেসব প্রতিবন্ধী ব্যক্তিদের অবস্থা এতটা গুরুতর ছিল যে তারা সাক্ষাৎকারে সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে সক্ষম ছিলো না।

২.২.১ নমুনার আকার

এই গবেষণার জন্য নমুনার আকার নির্ণয়ের সূত্র ব্যবহার করে নির্ধারণ করা হয়েছিল:

$$n = \frac{p(1-p) \times z^2}{e^2}$$

এই সূত্রটি জনসংখ্যা-ভিত্তিক গবেষণায় অনুপাত অনুমান করার জন্য ব্যাপকভাবে ব্যবহার করা হয়। এখানে, n হলো নমুনার মোট সংখ্যা (স্যাম্পল সাইজ), z হলো ৯৫% কনফিডেন্স অফ ইন্টারভাল, e হলো ৫% এর মার্জিন এবং p দিয়ে সম্ভাব্যতা

বুঝাচ্ছে। প্রতিবন্ধী ব্যক্তিদের উপর জাতীয় সমীক্ষা, NSPD, 2021 অনুযায়ী জনসংখ্যার মধ্যে প্রতিবন্ধী ২.৮%। তাই গণনাকৃত নমুনা আকার অধ্যয়ন ছিল ৩৮৫।

প্রতিবন্ধিতার প্রতিটি বিভাগে প্রতিনিধিত্ব নিশ্চিত করার জন্য, এনএসপিডি-২০২১ (NSPD-2021) এর প্রতিনেদন অনুযায়ী প্রতিটি বিভাগের জন্য প্রয়োজনীয় নমুনার আকার তাদের নিজস্ব ব্যাপকতার প্রসারের হারের উপর ভিত্তি করে অনুমান করা হয়েছিলো। প্রতিটি প্রতিবন্ধিতা বিভাগের জন্য প্রয়োজনীয় নমুনার আকারের ব্রেকডাউন নিম্নরূপ:

প্রতিবন্ধিতা শ্রেণী	গণসংখ্যা
অটিজম বা অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার	৬.২১
সেরিব্রাল পালসি	৯.৩১
শ্রবণ-দৃষ্টিপ্রতিবন্ধিতা	১৫.৫২
ডাউন সিনড্রোম	৪.৬৬
শ্রবণ প্রতিবন্ধিতা	২৯.৫০
বুদ্ধিপ্রতিবন্ধিতা	২১.৭৩
মানসিক অসুস্থতাজনিত প্রতিবন্ধিতা	৩৫.৭১
শারীরিক প্রতিবন্ধিতা	১৮৪.৭৪
বাকপ্রতিবন্ধিতা	১৭.০৮
দৃষ্টিপ্রতিবন্ধিতা	৬০.৫৪
সর্বমোট	৩৮৫.০০

যাইহোক, আমরা সফলভাবে মোট ৪৪৩টি নমুনা সংগ্রহ করেছি, যা প্রয়োজনীয় নমুনার সংখ্যা ৩৮৫ ছাড়িয়ে গেছে। প্রতিটি প্রতিবন্ধিতা বিভাগে নমুনার আকারের বিন্যাস নিম্নরূপ:

প্রতিবন্ধিতা শ্রেণী	সংখ্যা	শতাংশ
অটিজম বা অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার	১৫	৩.৩৯%
সেরিব্রাল পালসি	১০	২.২৬%
শ্রবণ-দৃষ্টিপ্রতিবন্ধিতা	১৮	৪.০৬%
ডাউন সিনড্রোম	৩২	৭.২২%
শ্রবণ প্রতিবন্ধিতা	৩৮	৮.৫৮%
বুদ্ধিপ্রতিবন্ধিতা	২৪	৫.৪২%
মানসিক অসুস্থতাজনিত প্রতিবন্ধিতা	৩৫	৭.৯০%
শারীরিক প্রতিবন্ধিতা	১৮৭	৪২.২১%
বাকপ্রতিবন্ধিতা	২২	৪.৯৭%
দৃষ্টিপ্রতিবন্ধিতা	৬২	১৪%
সর্বমোট	৪৪৩	১০০%

গুণগত উপাদানের জন্য বিভিন্ন অংশগ্রহণকারীদের সাথে নিয়ে মোট ছয়জন মূল তথ্যদাতার সাক্ষাৎকার নেওয়া হয়েছিলো। অংশগ্রহণকারীদের মধ্যে প্রতিবন্ধী ব্যক্তি, প্রতিবন্ধী ব্যক্তিদের পিতামাতা, দুইজন নির্বাহী পরিচালক, একজন চেয়ারপারসন এবং প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠানের একজন অধ্যক্ষ অন্তর্ভুক্ত ছিলেন। এছাড়াও একজন সিনিয়র স্পিচ থেরাপিস্টও অন্তর্ভুক্ত ছিল। অনুসন্ধানের বিষয়ে সামগ্রিক ধারণা এবং বিষয়টি গভীরভাবে বোঝার জন্য স্টেকহোল্ডারদের বিভিন্ন পরিসরে নির্বাচন করা হয়েছিল। প্রয়াস ইনস্টিটিউট অফ স্পেশাল এডুকেশন অ্যান্ড রিসার্চ ঢাকা, প্রয়াস ইনস্টিটিউট অফ স্পেশাল এডুকেশন অ্যান্ড রিসার্চ রংপুর এবং তর্রি ফাউন্ডেশন - তিনটি ভিন্ন বিদ্যালয়ে প্রতিবন্ধী শিশুদের অভিভাবকদের সাথে তিনটি ফোকাস গ্রুপ আলোচনা করেছিলো।

নমুনার সর্বাধিক বৈচিত্র্য এবং প্রতিনিধিত্ব নিশ্চিত করার জন্য বাংলাদেশের দুটি বিভাগ ঢাকা ও রংপুর বিভাগ থেকে অংশগ্রহণকারীদের নির্বাচন করা হয়েছিল। ২১শে মার্চ, ২০২৩ থেকে ১৩মে, ২০২৩ পর্যন্ত উপাত্ত সংগ্রহ করা হয়েছিল। প্রতিবন্ধী

ব্যক্তিদের সহায়তা করে এমন বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অংশগ্রহণকারীদের নেওয়া হয়েছিল। নিম্নলিখিত প্রতিষ্ঠানগুলি অংশগ্রহণকারী নির্বাচনে অন্তর্ভুক্ত ছিল:

- ১। পক্ষাঘাতগ্রস্তদের পুনর্বাসন কেন্দ্র, সাভার শাখা ও মিরপুর শাখা, ঢাকা, বাংলাদেশ
- ২। প্রয়াস ইনস্টিটিউট অফ স্পেশাল এডুকেশন অ্যান্ড রিসার্চ, ঢাকা শাখা এবং রংপুর শাখা, বাংলাদেশ
- ৩। বাংলাদেশের ডাউন সিন্ড্রোম সোসাইটি, ঢাকা, বাংলাদেশ
- ৪। তরী ফাউন্ডেশন, ঢাকা, বাংলাদেশ
- ৫। শ্রবণ প্রতিবন্ধী শিশুদের সহায়তার জন্য সোসাইটি, ঢাকা, বাংলাদেশ
- ৬। সুইড বাংলাদেশ, ঢাকা, বাংলাদেশ
- ৭। অন্ধ শিক্ষা ও পুনর্বাসন উন্নয়ন সংস্থা (বারডো), ঢাকা, বাংলাদেশ
- ৮। জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট এবং হাসপাতাল, ঢাকা, বাংলাদেশ
- ৯। বাংলাদেশ ন্যাশনাল ফেডারেশন অফ দ্য ডেফ, ঢাকা, বাংলাদেশ
- ১০। জাগো প্রতিবন্ধী উন্নয়ন সংস্থা, রংপুর, বাংলাদেশ
- ১১। জাতীয় চক্ষুবিদ্যা ইনস্টিটিউট, ঢাকা, বাংলাদেশ

এছাড়াও, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং আইসিটি বিভাগ কর্তৃক ঢাকায় আয়োজিত প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন যুবকদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা ২০২৩ থেকেও তথ্য সংগ্রহ করা হয়েছিল।

এই প্রতিষ্ঠানগুলিকে তাদের সুনাম এবং প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের সহায়তা ও পরিষেবা প্রদানে জড়িত থাকার ভিত্তিতে নির্বাচিত করা হয়েছিল। গবেষণার লক্ষ্য ছিল ভিন্ন ধরনের প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত করে বিভিন্ন ধরনের প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের অবস্থা এবং প্রেক্ষাপট সহ অংশগ্রহণকারীদের একটি বিস্তৃত বর্ণালী তৈরী করা।

নিয়োগ প্রক্রিয়ার মধ্যে প্রতিষ্ঠানের প্রশাসক এবং সমন্বয়কারীদের সাথে যোগাযোগ করে গবেষণার উদ্দেশ্য ব্যাখ্যা করা যায় এবং তাদের সহযোগিতা চাওয়া হয়। প্রাতিষ্ঠানিক সম্মতি, নৈতিক নির্দেশিকা এবং নিয়মকানুন তথ্য সংগ্রহের আগে নিশ্চিত করতে হয়।

অংশগ্রহণকারীদের সুবিধার জন্য, মূল তথ্যদাতার সাক্ষাতকারগুলি তাদের জন্য উপযুক্ত এবং অ্যাক্সেসযোগ্য করে পরিচালিত হয়েছিল। অংশগ্রহণকারীদের কর্মক্ষেত্রে, ভিডিও কনফারেন্সিং প্ল্যাটফর্মের মাধ্যমে অনলাইনে বা তাদের বাড়িতে সাক্ষাৎকার নেওয়া এর মধ্যে অন্তর্ভুক্ত ছিল।

২.৩ গবেষণার নৈতিকতা

তথ্য সংগ্রহ শুরু করার আগে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ইনস্টিটিউশনাল রিসার্চ এথিক্স বোর্ড কমিটি এবং সেন্টার ফর দ্যা রিহ্যাবিলিটেশন অফ দ্যা প্যারালাইজড এর নৈতিক পর্যালোচনা কমিটি থেকে নৈতিক অনুমোদন নেওয়া হয়েছিল। এই অনুমোদনগুলি নিশ্চিত করে যে গবেষণাটি নৈতিক নির্দেশিকা মেনে চলে এবং অংশগ্রহণকারীদের অধিকার রক্ষা ও তাদের মঙ্গল করে।

অংশগ্রহণকারীদের তাদের অংশগ্রহণের স্বেচ্ছাধীন প্রকৃতি এবং কোনো বাঁধা ছাড়াই যে কোনো সময় সাক্ষাৎকার থেকে প্রত্যাহার করার অধিকার সম্পর্কে অবহিত করা হয়েছিল।

সাক্ষাৎকার শুরু হওয়ার আগে প্রত্যেক অংশগ্রহণকারীর কাছ থেকে লিখিত সম্মতি নেওয়া হয়েছিল। তাছাড়া, অংশগ্রহণকারীদের মধ্যে যারা লিখিত সম্মতি প্রকাশ করতে অক্ষম ছিল, সাক্ষাৎকারটি শুরু করার আগে তাদের থেকে মৌখিক সম্মতি নেওয়া হয়েছিল এবং তাদের পক্ষ হয়ে তাদের অভিভাবকগণ হতে লিখিত সম্মতি নেয়া হয়েছিল।

২.৪ তথ্য সংগ্রহ

গুগল ফর্মের মাধ্যমে সমীক্ষার তথ্য সংগ্রহ এবং সংরক্ষণ করা হয়েছে। প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন জনসংখ্যার বিভিন্ন দিকের তথ্য সংগ্রহের জন্য একটি কাঠামোগত প্রশ্নামালা তৈরি করা হয়েছিল। সহায়ক ডিভাইসগুলির ব্যবহার এবং ব্যবহারকারীর সন্তুষ্টি মূল্যায়নের জন্য, একইসাথে সহায়ক ডিভাইসগুলির মূল্যায়ন করার জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত পরিমাপের সরঞ্জামগুলি এই গবেষণার জন্য ব্যবহার করা হয়েছিল। কুইবেক ইউজার ইভালুয়েশন অফ স্যাটিসফ্যাকশন উইথ অ্যাসিসটিভ টেকনোলজি (QUEST) এবং কোয়েশেনারি ফর দ্য ইভালুয়েশন অফ ফিজিক্যাল অ্যাসিসটিভ ডিভাইসস (QUEAD)- এই দুই পদ্ধতির পরিমার্জিত সংস্করণ প্রশ্নামালাতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

প্রশ্নমালাটি তিনটি প্রধান বিভাগ নিয়ে গঠিত। প্রথম বিভাগে অবস্থান, লিঙ্গ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, আয়ের মাত্রা, বয়স, ধর্ম এবং কর্মসংস্থানের অবস্থা সহ জনসংখ্যাগত বৈশিষ্ট্যের উপর দৃষ্টি আরোপ করা হয়েছে।

দ্বিতীয় বিভাগে আইসিটি এবং প্রযুক্তি ডিভাইসের ব্যবহার এবং অ্যাক্সেস সম্পর্কিত ভেরিয়েবলগুলি বিশ্লেষণ করা হয়েছে। এতে রেডিও, টেলিভিশন, মোবাইল ফোন, ইন্টারনেট-ভিত্তিক যোগাযোগ এবং ডিজিটাল ঘড়ির ব্যবহার সম্পর্কে প্রশ্ন ছিল। এছাড়াও, অংশগ্রহণকারীদের ব্যাকিং পরিষেবা এবং আর্থিক মোবাইল পরিষেবাগুলিতে তাদের অ্যাক্সেস সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল। ইন্টারনেট সংযোগ-সম্পর্কিত প্রশ্নগুলির মধ্যে ওয়াই-ফাই এর প্রাপ্যতা, উত্তরদাতার ফোনে ইন্টারনেট অ্যাক্সেস এবং ইন্টারনেটের গতি এসব রয়েছে।

তৃতীয় বিভাগটি বিভিন্ন সহায়ক ডিভাইসের ব্যবহার এবং এই ডিভাইসগুলির সাথে ব্যবহারকারীর অভিজ্ঞতা এবং সন্তুষ্টির মূল্যায়নের উপর কাজ করে। QUEST এবং QUEAD টুলগুলির পরিবর্তিত সংস্করণগুলি এই বিভাগে অন্তর্ভুক্ত করা হয়েছিল। নির্দিষ্ট ডিভাইস ব্যবহারকারী অংশগ্রহণকারীদেরকে মোট ২৬ টি প্রশ্ন জিজ্ঞাসা করা হয়েছিল, ১ থেকে ৫ পর্যন্ত একটি লাইকার্ট স্কেল ব্যবহার করে সন্তুষ্টির মাত্রা বা ডিভাইস সম্পর্কিত বিবৃতির সাথে একাত্মতা ইঙ্গিত করে।

প্রশ্নাবলীতে উল্লেখিত ডিভাইসগুলির নাম বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহায়ক পণ্য তালিকা (১) এবং মিনেসোটা গাইড টু অ্যাসিসটিভ টেকনোলজির উপর ভিত্তি করে অন্তর্ভুক্ত করে ছিল। প্রতিটি সংশ্লিষ্ট বিভাগে ব্যবহৃত ডিভাইসের নামগুলো নিম্নরূপ:

প্রতিবন্ধিতার বিভাগ	সহায়ক ডিভাইসের নাম
অটিজম বা অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডার	ছবি ভিত্তিক যোগাযোগ ব্যবস্থা
	বক্তৃতা তৈরির ডিভাইস
	ওজনযুক্ত কম্বল
	সংবেদনশীল খেলনা
	সামাজিক দক্ষতা প্রশিক্ষণ অ্যাপ্লিকেশন এবং প্রোগ্রাম
	ভিজুয়াল সময়সূচী
	টাইমার
	অগমেন্টেড এবং ভার্চুয়াল রিয়েলিটি প্রযুক্তি
	স্মার্ট ঘড়ি
	ফিটনেস ট্র্যাকার
	আচরণগত ট্র্যাকিং এবং ব্যবস্থাপনা অ্যাপ্লিকেশন এবং সফটওয়্যার
	সেরিব্রাল পালসি

	যোগাযোগ সহায়ক ডিভাইস
	পরিবেশগত নিয়ন্ত্রণ ব্যবস্থা
	প্রস্বেটিক্স এবং অর্থোটিক্স ডিভাইস
	আসন এবং অবস্থান ডিভাইস
	সংবেদনশীল একীভূতকরণ সরঞ্জাম
শ্রবণ-দৃষ্টিপ্রতিবন্ধিতা	স্পর্শকাতর যোগাযোগ ডিভাইস
	সহায়ক শ্রবণ ডিভাইস
	দৃষ্টি সহায়ক
	যোগাযোগ অ্যাপ
	পরিবেশগত সেন্সর
	গতিশীলতা সহায়ক ডিভাইস
ডাউন সিনড্রোম	বক্তৃতা তৈরির ডিভাইস
	সাইন ল্যাপসুয়েজ টুলস
	কীবোর্ড
	গ্রিপস
	বাসনপত্র
	ওজনযুক্ত কঞ্চল
	শব্দ-বাতিলকারী হেডফোন
	ওয়াকার
	অর্থোটিক্স
	বিবর্ধক কাচ
	কালার-কোডেড অর্গানিজেরস
শ্রবণ প্রতিবন্ধিতা	কানে শোনার যন্ত্র
	কল্লিয়ার ইমপ্লান্ট
	সহায়ক শোনার ডিভাইস
	ক্যাপশনিং এবং ট্রান্সক্রিপশন পরিষেবা
বুদ্ধিপ্রতিবন্ধিতা	অগমেন্টেটিভ এবং অল্টারনেটিভ কমিউনিকেশন (AAC) ডিভাইস
	মেমরি সহায়ক ডিভাইস
	টাইমার
	অর্গানাইজার
	গ্রিপস
	বাসনপত্র
	ওজনযুক্ত কঞ্চল
	সংবেদনশীল খেলনা
মানসিক অসুস্থতাজনিত প্রতিবন্ধিতা	মুড ট্র্যাকিং অ্যাপ

	মাইন্ডফুলনেস অ্যাপস
	ভার্চুয়াল রিয়েলিটি থেরাপি
	ঔষধ অনুস্মারক অ্যাপ্লিকেশন
	স্মার্ট হোম প্রযুক্তি
	জ্ঞানীয়-আচরণগত থেরাপি (CBT) অ্যাপ
শারীরিক প্রতিবন্ধিতা	বক্তৃতা/কথাবার্তা সৃষ্টিকারী ডিভাইস
	আই-ট্র্যাকিং সিস্টেম
	হইলচেয়ার
	ওয়াকার
	স্কুটার
	কৃত্রিম অঙ্গ - প্রত্যঙ্গ
	ধনুর্বন্ধনী
	ভয়েস-সক্রিয় স্মার্ট হোম ডিভাইস (আলো, তাপমাত্রা নিয়ন্ত্রণ, ইত্যাদি)
বাকপ্রতিবন্ধিতা	অগমেন্টেডিভ এবং অল্টারনেটিভ কমিউনিকেশন (AAC) ডিভাইস
	স্পিচ থেরাপি অ্যাপ
	ভয়েস এমপ্লিফায়ার
	কম্পিউটার সফটওয়্যার
দৃষ্টিপ্রতিবন্ধিতা	স্ক্রিন রিডিং সফটওয়্যার
	স্ক্রিন রিডিং সফটওয়্যার
	ব্রেইল ডিসপ্লে
	নোটটেকার্স
	অপটিক্যাল ক্যারেক্টার রিকগনিশন (OCR) ডিভাইস
	কথা বলার ঘড়ি
	কথা বলা ক্যালকুলেটর
	সেন্সর সহ বেত/লাঠি
	জিপিএস ডিভাইস
	অডিও বই
	পডকাস্ট
	রেডিও শো
	ভয়েস-সক্রিয় স্মার্ট হোম ডিভাইস (আলো, তাপমাত্রা নিয়ন্ত্রণ, ইত্যাদি)
	আতশ কাচ
	মনোকুলার
	টেলিস্কোপ
	ব্রেইল বই

মূল তথ্যদাতার সাক্ষাৎকার এবং ফোকাস গ্রুপ আলোচনার জন্য একটি আধা-কাঠামোগত প্রশ্নমালা ব্যবহার করা হয়েছিল। ইন্টারভিউ দাতা এবং গ্রহণকারী কে ছিল তার উপর নির্ভর করে প্রশ্নগুলিকে সামান্য পরিবর্তন করা হয়েছে। অংশগ্রহণকারীদের প্রতিক্রিয়াগুলির সঠিক উপস্থাপনা নিশ্চিত করার জন্য রেকর্ড করা সাক্ষাৎকারগুলিকে মৌখিকভাবে প্রতিলিপি করা হয়েছিল।

২.৫ তথ্য বিশ্লেষণ

প্রাথমিক উপাত্ত বাচাইকরণ এবং প্রস্তুতির জন্য গুগল ফর্মের মাধ্যমে সংগ্রহ করা জরিপ উপাত্ত মাইক্রোসফ্ট এক্সেলে নেওয়া হয়েছিল। একবার উপাত্ত বাচাইকরণ করার প্রক্রিয়া সম্পন্ন হলে, বাচাই করা ডেটাসেটটি আরও বিশ্লেষণের জন্য STATA সংস্করণ ১৪-এ নেওয়া হয়েছিল। সংগৃহীত জরিপ উপাত্ত যথাযথ পরিসংখ্যান পদ্ধতি যেমন গবেষণার উদ্দেশ্য এবং গবেষণার প্রশ্নগুলিকে সমাধান করার জন্য বর্ণনামূলক পরিসংখ্যান ব্যবহার করে বিশ্লেষণ করা হয়েছিল।

মূল তথ্যদাতা সাক্ষাৎকার এবং ফোকাস গ্রুপ আলোচনার জন্য, মূল থিম এবং অন্তর্দৃষ্টি সনাক্ত করতে গুণগত বিশ্লেষণ কৌশল, যেমন বিষয়ভিত্তিক বিশ্লেষণ বা বিষয়বস্তু বিশ্লেষণ ব্যবহার করে প্রতিলিপিকৃত ডেটা বিশ্লেষণ করা হয়েছিল।

অধ্যায় ৩

গবেষণার ফলাফল

৩.১ সংখ্যাগত বিশ্লেষণ

৩.১.১ জনতাত্ত্বিক ফলাফল

এই গবেষণায় অংশগ্রহণকারী ৪৪৩ জনের জনসংখ্যাগত বৈশিষ্ট্যগুলিকে সারণী ১ এ সংক্ষিপ্ত আকারে প্রকাশ করা হলো। অংশগ্রহণকারীদের বয়স ১ বছরের কম থেকে ৭৫ বছরের মধ্যে ছিল, তাদের বয়সের গড় ৩৬.৩২ বছর এবং স্ট্যান্ডার্ড ডেভিয়েশন/ব্যত্যয় পরিমাপ/আদর্শ চ্যুতি ২১.৬৬। উক্ত নমুনার বয়স বন্টন থেকে জানা যায় যে, অংশগ্রহণকারীদের মধ্যে ১০-২০ বছর বয়সের গ্রুপটি সবচেয়ে বড় অনুপাতের মধ্যে পড়েছে (২২.৫৭%), এরপরে ০-১০ বছর বয়সী গ্রুপ (১০.৩৮%)। অবশিষ্ট বয়সের গ্রুপগুলোতে তুলনামূলকভাবে একই রকম ফ্রিকোয়েন্সি ছিল, ১২.৮৭% থেকে ১৩.৫৪% পর্যন্ত।

লিঙ্গ বিচারে, অংশগ্রহণকারীদের সংখ্যাগরিষ্ঠ ছিল পুরুষ (৭৪.০৪%), বাকি অংশগ্রহণকারীরা ছিল মহিলা (২৫.৯৬%)। আর ধর্মীয় অনুষ্ণের বিষয়ে, অংশগ্রহণকারীদের অধিকাংশই নিজেদেরকে মুসলিম (৯৩%) হিসেবে চিহ্নিত করেছে, বাকিরা হিন্দু (৬.৫৫%) এবং একটি ছোট অংশ খ্রিস্টান (০.৪৫%) হিসেবে পরিচয় দিয়েছে। অংশগ্রহণকারীদের বৈবাহিক অবস্থা বৈচিত্র্যময়, সর্বাধিক অনুপাত দখল করেছে অবিবাহিত গ্রুপটি (৫৯.৫৯%)। আর বিবাহিত (৩৬.৭৯%), তালাকপ্রাপ্ত ব্যক্তিদের মধ্যে বিধবা (১.৩৫%) এবং বিপত্তিওক (১.১৩%)।

পারিবারিক আয় জরিপ করে জানা যায়, তাদের গড় আয় ২৬০০০ টাকা। এসব তথ্য আরো নির্দেশ করে যে অংশগ্রহণকারীদের মধ্যে বেশিরভাগের মাসিক আয় ছিল ০-১০,০০০ টাকা (৮৬.৬৮%)। জরিপের জনসংখ্যার একটি ছোট অনুপাতের আয়ের মাত্রা ছিল ১০,০০১-৫০,০০০ টাকার মধ্যে, আয়ের মাত্রার সর্বোচ্চ অংশে (৫০,০০০+) অংশগ্রহণকারীদের মাত্র ২.৯৩% প্রতিনিধিত্ব করে।


সাক্ষরতার দিক থেকে অংশগ্রহণকারীদের অধিকাংশই পড়তে এবং লিখতে সক্ষম বলে জরিপে প্রকাশ করেছে (৭২.২৩%), যেখানে ২৭.৭৭% বলেছে যে তারা পড়তে এবং লিখতে অক্ষম। কর্মসংস্থানের অবস্থার পরিপ্রেক্ষিতে বিবেচনা করলে জরিপে জানা যায়, প্রতিবন্ধী জনসংখ্যার ১৯.৬৪% চাকুরী বা ব্যবসায়িক কর্মকাণ্ডে জড়িত আছে। অন্যদিকে, উত্তরদাতাদের ৩৯.২৮% নিজেদেরকে ছাত্র হিসাবে চিহ্নিত করেছে। নমুনার একটি উল্লেখযোগ্য অংশ, ৩৫.২১% কোন কাজ করছে না বা বেকার ছিল। উপরন্তু, একটি ছোট অংশগ্রহণকারীদের অনুপাত ৫.৮৭% খণ্ডকালীন ভিত্তিতে কাজ করে বলে জানা যায়।

সারণী ১: জনতাত্ত্বিক পরিসংখ্যান

বয়স (বছরে)	গণসংখ্যা	শতাংশ
০-১০	৪৬	১০.৩৮
১১-২০	১০০	২২.৫৭
২১-৩০	৫৭	১২.৮৭
৩১-৪০	৫৭	১২.৮৭
৪১-৫০	৫৩	১১.৯৬
৫১-৬০	৩৮	০৮.৫৮
৬১-৭০	৬০	১৩.৫৪
৭১-৮০	৩২	০৭.২২
সর্বমোট	৪৪৩	১০০.০০
লিঙ্গ		
পুরুষ	৩২৮	৭৪.০৪
মহিলা	১১৫	২৫.৯৬
সর্বমোট	৪৪৩	১০০.০০
ধর্ম		
মুসলিম	৪১২	৯৩
হিন্দু	২৯	০৬.৫৫
খ্রিস্টান	০২	০.৪৫
সর্বমোট	৪৪৩	১০০.০০
বৈবাহিক অবস্থা		
অবিবাহিত	২৬৪	৫৯.৫৯
বিবাহিত	১৬৩	৩৬.৭৯
তালাকপ্রাপ্ত	০৫	০১.১৩
বিধবা	০৬	০১.৩৫
বিপত্নীক	০৫	০১.১৩
সর্বমোট	৪৪৩	১০০.০০

পারিবারিক আয় (মাসিক, টাকায়)		
০ - ১০,০০০	৩৮৪	৮৬.৬৮
১০,০০১ - ২০,০০০	২০	৪.৫১
২০,০০১ - ৩০,০০০	০৭	০১.৫৮
৩০,০০১ - ৪০,০০০	০৫	০১.১৩
৪০,০০১ - ৫০,০০০	১৪	০৩.১৬
৫০,০০০ এর বেশী	১৩	০২.৯৩
সর্বমোট	৪৪৩	১০০.০০
পড়তে ও লিখতে পারার সক্ষমতা		
না	১২৩	২৭.৭৭
হ্যাঁ	৩২০	৭২.২৩
সর্বমোট	৪৪৩	১০০.০০
পেশা		
ছাত্র	১৭৪	৩৯.২৮
চাকুরি বা ব্যবসা	৮৭	১৯.৬৪
অনির্দিষ্ট (মাঝে মাঝে চাকুরি বা ব্যবসা)	২৬	০৫.৮৭
বেকার	১৫৬	৩৫.২১
সর্বমোট	৪৪৩	১০০.০০

চিত্র ১ এ শতাংশের উপর ভিত্তি করে, অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রতিবন্ধী গ্রুপে ভাগ করে চিত্রিত করা হয়েছে। এদের মধ্যে সবচেয়ে বড় বিভাগ হল “শারীরিক” অক্ষমতা, যা নমুনার ৪২.২১% জুড়ে রয়েছে। বাকিদের মধ্যে ১৪% “ভিজুয়াল” অক্ষমতার জন্য দায়ী, অন্য গ্রুপের প্রতিটিতে ১০% এর কম অনুপাত রয়েছে। সকল গ্রুপের মধ্যে সেরিব্রাল পালসি সবচেয়ে ক্ষুদ্রতম শতাংশের (২.৩%) প্রতিনিধিত্ব করে।



চিত্র ১: শতাংশ হিসেবে প্রতিটি প্রতিবন্ধী গ্রুপের ভাগ

সারণী ২ এর প্রথম অংশে দেখা যাচ্ছে উত্তরদাতাদের অধিকাংশই ঢাকা বিভাগের, যা মোট নমুনার প্রায় ৮৮.৭১%। অবশিষ্ট অংশগ্রহণকারীরা (নমুনার ১১.২৯%) রংপুর বিভাগের প্রতিনিধিত্ব করে। সারণীটির দ্বিতীয় অংশে আমরা দেখতে পাই যে, ঢাকা বিভাগের মধ্যে সবচেয়ে বেশি সংখ্যক অংশগ্রহণকারী ছিল ঢাকা জেলায়, যা সমগ্র নমুনার ৭৭.৬৫% নিয়ে গঠিত। অন্যান্য বিভাগের মধ্যে যেমন ফরিদপুর, গাজীপুর, গোপালগঞ্জ, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী এবং টাঙ্গাইল। এদের প্রতিটিতে নমুনার ০.২৩% থেকে ৩.১৬% পর্যন্ত প্রতিনিধিত্ব করে।

এদিকে, রংপুর বিভাগের মধ্যে রংপুর জেলায় অংশগ্রহণের হার সবচেয়ে বেশি, মোট নমুনার ১৪.৪৫%। দিনাজপুর, পঞ্চগড় এবং কুড়িগ্রাম জেলায় নমুনার ০.২৩% থেকে ০.৯% পর্যন্ত ন্যূনতম প্রতিনিধিত্ব ছিল।

সারণী ২: অংশগ্রহণকারীদের ভৌগোলিক বন্টন

বিভাগ	সংখ্যা	শতাংশ
ঢাকা	৩৯৩	৮৮.৭১
রংপুর	৫০	১১.২৯
সর্বমোট	৪৪৩	১০০.০০
জেলা ভিত্তিক বন্টন		
ঢাকা	৩৪৪	৭৭.৬৫
দিনাজপুর	০৪	০.৯
ফরিদপুর	০২	০.৪৫
গাজিপুর	১৪	০৩.১৬
গোপালগঞ্জ	০১	০.২৩
কুড়িগ্রাম	০১	০.২৩
মানিকগঞ্জ	০১	০.২৩
নারায়ণগঞ্জ	০৬	০১.৩৫
নরসিংদী	০৩	০.৬৮
পঞ্চগড়	০১	০.২৩
রাজবাড়ী	০১	০.২৩
রংপুর	৬৪	১৪.৪৫
টাঙ্গাইল	০১	০.২৩
সর্বমোট	৪৪৩	১০০.০০

৩.১.২ শিক্ষাগত যোগ্যতা

সারণী ৩ প্রতিবন্ধী জনসংখ্যার শিক্ষাগত যোগ্যতার তথ্য প্রদান করে। ১৬২ জন উত্তরদাতা (৪৩.৩৪%) উল্লেখ করেছেন যে, তারা পূর্বে আনুষ্ঠানিক শিক্ষায় অংশ নিয়েছিলেন, যেখানে ৪৪ জন ব্যক্তি (৩২.৫১%) রিপোর্ট করেছেন যে তারা বর্তমানে আনুষ্ঠানিক শিক্ষায় অংশ নিচ্ছেন এবং ১০৭ জন অংশগ্রহণকারী (২৪.১৫%) ইঙ্গিত দিয়েছেন যে তারা কখনই আনুষ্ঠানিক শিক্ষায় অংশগ্রহণ করেননি।


সারণী ৩: আনুষ্ঠানিক শিক্ষায় অংশগ্রহণ

আপনি কি কোন আনুষ্ঠানিক শিক্ষায় অংশ নিয়েছেন বা বর্তমানে নিচ্ছেন?	সংখ্যা	শতাংশ
বর্তমানে শিক্ষা নিচ্ছি	১৪৪	৩২.৫১
আগে গিয়েছিলাম	১৯২	৪৩.৩৪
কখনই না	১০৭	২৪.১৫
সর্বমোট	৪৪৩	১০০.০০

চিত্র ২ জরিপে অংশগ্রহণকারী ব্যক্তিদের শিক্ষাগত যোগ্যতার একটি ব্রেকডাউন প্রদান করে যারা বর্তমানে স্কুলে যাচ্ছেন বা আগে স্কুলে পড়েছেন। উত্তরদাতাদের মধ্যে মোট ৩৩৬ জন বর্তমানে স্কুলে যাচ্ছেন বা কোন ডিগ্রী শিক্ষা সম্পন্ন করেছেন, যেমন ৫ম, ৮ম শ্রেণী পর্যন্ত শিক্ষা, এসএসসি, এইচএসসি, স্নাতক এবং স্নাতকোত্তর সহ বিভিন্ন সংস্থার দ্বারা প্রদত্ত বিশেষ শিক্ষা কার্যক্রম।

উত্তরদাতাদের মধ্যে, ৪২ জন ব্যক্তি (১২.৫%) ৫ম শ্রেণী পর্যন্ত, ২৪ জন (৭.১৪%) ৮ম শ্রেণী পর্যন্ত, ৭১ জন (২১.১৩%) এসএসসি/সমমান পর্যন্ত এবং ৪৬ জন (১৩.৬৯%) এইচএসসি/সমমান পর্যন্ত শিক্ষা সম্পন্ন করেছেন। ৩২ জন উত্তরদাতা (৯.৫২%) বর্তমানে স্নাতক ডিগ্রি অর্জন করছেন বা সম্পন্ন করেছেন এবং ১৬ জন উত্তরদাতা (৪.৭৬%) তাদের স্নাতকোত্তর ডিগ্রি সম্পন্ন করেছেন বা বর্তমানে করছেন।

উক্ত টেবিলটিতে বিভিন্ন সংস্থা কর্তৃক প্রদত্ত বিশেষ শিক্ষামূলক প্রোগ্রামকেও অন্তর্ভুক্ত করা হয়েছে। জরিপের ১০৫ জন ব্যক্তি (৩১.২৫%) এই বিশেষ স্কুলগুলিতে অধ্যয়নরত ছিলেন বা আছেন। এই কর্মসূচির মধ্যে রয়েছে তরি ফাউন্ডেশন (৬ জন উত্তরদাতা, ১.৭৯%), বাংলাদেশ জাতীয় বধির সংস্থা (৩ জন উত্তরদাতা, ০.৮৯%), অন্ধ শিক্ষা ও পুনর্বাসন উন্নয়ন সংস্থা (ইউজউও) (১৪ উত্তরদাতা, ৪.১৭%), বাংলাদেশ ডাউন সিনড্রোম সোসাইটি (১১ জন উত্তরদাতা, ৩.২৭%), প্রয়াস ইনস্টিটিউট অফ স্পেশাল এডুকেশন অ্যান্ড রিসার্চ (প্রয়াশ-ঢাকা) (৮ জন উত্তরদাতা, ২.৩৮%), প্রয়াস ইনস্টিটিউট অফ স্পেশাল এডুকেশন অ্যান্ড রিসার্চ রংপুর (প্রয়াশ-রংপুর) (১১ জন উত্তরদাতা, ৩.২৭%), বাডওউ বাংলাদেশ (২১ জন উত্তরদাতা, ৬.২৫%), এবং সোসাইটি ফর অ্যাসিস্টেন্স টু হিয়ারিং ইমপেয়ারড চিলড্রেন (বাঅগ্রওস) (৩১ জন উত্তরদাতা, ৯.২৩%)।



চিত্র ২: শিক্ষাগত অর্জনের ব্রেকডাউন


৩.১.৩ আইসিটি এবং প্রযুক্তি ব্যবহারের অভিজ্ঞতা

কীভাবে প্রতিবন্ধী ব্যক্তিরা বিভিন্ন উৎস থেকে প্রতিদিনের তথ্য সংগ্রহ করে সে সম্পর্কে জানা যাবে চিত্র-৩ এ। এসব উৎসের মধ্যে রয়েছে প্রতিবন্ধী ব্যক্তির বন্ধু, প্রতিবেশী এবং পরিবার, সম্প্রদায় এবং গোষ্ঠী; রেডিও; টেলিভিশন; ফোন (এসএমএস, কল); এবং ইন্টারনেট-ভিত্তিক প্ল্যাটফর্ম যেমন ফেসবুক, টুইটার, হোয়াটস এপ, ভাইবার, ইউটিউব এবং বিভিন্ন ওয়েবসাইট।

প্রতিবন্ধী ব্যক্তিদের একটি উল্লেখযোগ্য অনুপাত (৩৯৪ জন) তথ্যের উৎস হিসাবে তাদের বন্ধু, প্রতিবেশী এবং পরিবারের সদস্যদের উপর নির্ভর করে বলে জানিয়েছে। তবে ৪৯ জন এ ব্যাপারে এমন তথ্য জানায় নি। সম্প্রদায় এবং গোষ্ঠীগুলিও তথ্য সংগ্রহের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ৩১৭ জন উত্তরদাতা এই উৎসটি ব্যবহার করেছেন যেখানে ১২৬ জন তা ব্যবহার করেননি। রেডিও একটি কম ব্যবহৃত মাধ্যম বলে মনে হয়েছে, কারণ মাত্র ৩৪ জন উত্তরদাতা এই চ্যানেলের মাধ্যমে তথ্য পাওয়ার কথা জানিয়েছেন, যেখানে ৪০৯ জন উত্তরদাতারা

ইঙ্গিত করেছেন যে তারা তা করেননি। অন্যদিকে, টিভিতে উচ্চ স্তরের ব্যস্ততা রয়েছে বলে মনে হচ্ছে, ২৫৬ জন উত্তরদাতা এটিকে তথ্যের উৎস হিসাবে ব্যবহার করেছেন যেখানে ১৮৭ জন তা ব্যবহার করেননি।

এসএমএস এবং কল সহ ফোন-ভিত্তিক যোগাযোগ তথ্যের উৎস হিসেবে বেশ জনপ্রিয় বলে প্রমাণিত হয়েছে। কারণ, ৩২১ জন উত্তরদাতা তথ্য অ্যাকসেসের এই মাধ্যমটি ব্যবহার করেছেন এবং ১২২ জন উত্তরদাতা তা করেনি না। সোশ্যাল মিডিয়া এবং ওয়েবসাইটসহ ইন্টারনেট-ভিত্তিক প্ল্যাটফর্মগুলিও ব্যবহার করা হয়েছিল, ২৭৫ জন উত্তরদাতা সেগুলি ব্যবহার করেছিলেন যেখানে ১৬৮ জন তা করেননি।




চিত্র ৩: তথ্যের উৎসসমূহ

চিত্র ৪ এ উত্তরদাতারা তাদের দৈনন্দিন জীবনে বিভিন্ন উৎস থেকে তথ্য পাওয়ার ফ্রিকোয়েন্সি সম্পর্কে জানায়। ৩৪৪ জন উত্তরদাতা প্রতিদিনই বন্ধু, প্রতিবেশী এবং পরিবারের কাছ থেকে তথ্য পাওয়ার কথা জানিয়েছেন। ৩৬ জন উত্তরদাতারা প্রায়ই এই কাজ করার কথা জানিয়েছেন এবং ১৭ জন উত্তরদাতা মাঝে মাঝে এই উৎস থেকে তথ্য পাওয়ার কথা জানিয়েছেন।


